

আধুনিক কৃষি প্রযুক্তি প্রদর্শনী ও নাটার খামার উন্নয়ন কর্মসূচি  
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির (নাটা)  
গাজীপুর-১৭০১

ক) বাস্তবায়ন কাল:

২০১৭-১৮ হতে ২০১৯-২০ খ্রি.

খ) উদ্দেশ্য:

- ১: খামারের আধুনিক কৃষি যন্ত্রপাতি ও ভৌত অবকাঠামো সৃষ্টির মাধ্যমে ফলিত গবেষণা প্রদর্শনী স্থাপন করে প্রশিক্ষণে ব্যবহারিক ক্লাসকে সজীব (লাইভ) করা;
- ২: আধুনিক কৃষি যন্ত্রপাতি ও জলবায়ু সহনশীল টেকসই কৃষি প্রযুক্তি প্রশিক্ষণার্থী কর্মর্তাগণের মাধ্যমে সম্প্রসারণ;
- ৩: সর্বোপরি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)-এর Goal-1: Target 1.1; Goal-2: Target 2.1, 2.3, 2.4; এবং Goal-12: Target 12.3; Goal-15: Target 15.3 অর্জনে অবদান রাখা।

গ) যৌক্তিকতাঃ

কৃষি নির্ভর এ দেশে খাদ্য, পুষ্টি চাহিদা ও দারিদ্র বিমোচনে সময়োপযোগী কৃষি প্রযুক্তির বিকল্প নাই। উক্ত প্রযুক্তি হস্তান্তরের জন্য প্রশিক্ষণ ও প্রদর্শনী (Training & Demonstration) দ্রুততম মাধ্যম যা নির্ভুল এবং সঠিকভাবে কৃষির সাথে সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করবে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির আওতাভুক্ত প্রায় ২৫ একর খামার রয়েছে। উক্ত খামার উন্নয়ন করে প্রযুক্তি হস্তান্তরের নিমিত্ত প্রশিক্ষণ ও প্রদর্শনীর (Training & Demonstration) ব্যবস্থা করা আবশ্যিক। তারই প্রেক্ষিতে “আধুনিক কৃষি প্রযুক্তি প্রদর্শনী ও নাটার খামার উন্নয়ন” কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

উক্ত কর্মসূচী বাস্তবায়িত হলে:

১. ফসলের একর প্রতি ফলন বৃদ্ধি পাবে তথা নাটার রাজস্ব বৃদ্ধি হবে;
২. কৃষিতে নিয়োজিত মানব সম্পদের ব্যাপক উন্নয়ন হবে;
৩. কৃষকের তথা গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন হবে;
৪. কৃষিতে প্রবৃদ্ধি বাড়বে;
৫. কর্মসূচীর আওতায় নিয়োগপ্রাপ্ত অনিয়মিত কৃষি শ্রমিকের কর্মসংস্থানের ব্যবস্থা হবে;
৬. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG)-Goal-1 : Target 1.1; Goal-2: Target 2.1, 2.3, 2.4; এবং Goal-12: Target 12.3; Goal-15: Target 15.3 লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

ঘ) কর্মসূচির ব্যবস্থাপনা/বাস্তবায়ন কৌশল:

কর্মসূচিটি জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) গাজীপুরে বাস্তবায়ন করা হবে যেখানে সারা বাংলাদেশের কৃষি সেক্টরে নিযুক্ত কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। কর্মসূচি বাস্তবায়নের জন্য এ কাজের যোগ্যতাসম্পন্ন একজন কর্মসূচী পরিচালক, একজন হিসাবরক্ষক, একজন কম্পিউটার অপারেটর কাম অফিস সহকারী এবং একজন অফিস সহায়ক জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) হতে অতিরিক্ত দায়িত্বে নিয়োগ দেওয়া হবে। এজন্য এখানে কোন ব্যয় ধরা হয়নি এবং নুতনভাবে কোন জনবল নিয়োগ করতে হবে না।

ঙ) কর্মসূচির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে যা নিম্নরূপ:

১.	পরিচালক (প্রশাসন), নাটা	সভাপতি
২.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভূমি ও ইমারত শাখা, বিএআরআই	সদস্য
৩.	পরিচালক (প্রশিক্ষণ), নাটা	সদস্য
৪.	উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা	সদস্য
৫.	কর্মসূচি পরিচালক	সদস্য সচিব

কমিটির সভা প্রতি তিন মাস অন্তর অন্তর অনুষ্ঠিত হবে এবং কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি ও সার্বিক বিষয়ে পর্যালোচনা করা হবে। কর্মসূচী পরিচালকের নেতৃত্বে কর্মসূচী বাস্তবায়িত হবে। কর্মসূচীর অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ কর্মসূচী বাস্তবায়নে কর্মসূচী পরিচালককে সহায়তা করবেন।

জাতীয় কৃষি নীতি অনুযায়ী উন্নত কৃষি প্রযুক্তি কৃষকদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া জরুরী আর উন্নত সম্প্রসারণ সেবার জন্য সম্প্রসারণবিদদের দক্ষতা উন্নয়ন বিশেষ প্রয়োজন। মানসম্মত সম্প্রসারণ সেবা প্রদান কৃষি মন্ত্রণালয়ের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য। এই কর্মসূচীতে কৃষি সেক্টরে নিযুক্ত অফিসিয়ালদের প্রশিক্ষণের জন্য জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির কার্যক্রম জোরদার করার ব্যবস্থা নেয়া হয়েছে। সামগ্রিকভাবে কর্মসূচীর দ্বারা কৃষি মন্ত্রণালয়ের নবসৃষ্ট এই প্রতিষ্ঠানটির উন্নয়ন ও কর্মকান্ড জোরদার হবে।

চ) কর্মসূচীর বাজেট

প্রাক্কলিত ব্যয়: ১১২.৭৫ লক্ষ টাকা  
রাজস্ব ব্যয়: ৪.৫০ লক্ষ টাকা  
মূলধন ব্যয়: ১০৮.২৫ লক্ষ টাকা

ছ) কর্মসূচির বছর ভিত্তিক ব্যয় ও ক্রয় পরিকল্পনা (হিসাব লক্ষ্য টাকা)

ঙ) কর্মসূচির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে যা নিম্নরূপ:

অর্থনৈতিক কোড	আইটেম	১ম বছর	২য় বছর	৩য় বছর	মোট	কর্মসূচী ব্যয়ের শতকরা অংশ
		(২০১৭-১৮)	(২০১৮-১৯)	(২০১৯-২০)		
<b>ক) রাজস্ব ব্যয়</b>						
<b>সরবরাহ ও সেবাঃ</b>						
৪৮৫২	রাসায়নিক দ্রব্যাদি	০.১৫	০.৪৫	০.৪	১.০০	০.৮৯
৪৮৫৮	বীজ ও উদ্ভিদ	০.০৫	০.৫০	০.৪৫	১.০০	০.৮৯
৪৮৬১	সার	০.২০	১.৯০	০.৪০	২.৫০	২.২২
মোট রাজস্ব ব্যয়		০.৪০	২.৮৫	১.২৫	৪.৫০	৩.৯৯
<b>খ) মূলধন ব্যয়</b>						
<b>খ-১) সম্পদ সংগ্রহ/ ক্রয়ঃ</b>						
৬৮১৩	কৃষি যন্ত্রপাতি	১৩.৮০	৯.৮০	২.০০	২৫.৬০০	২২.৭১
৬৮২৭	বৈদ্যুতিক সরঞ্জাম	৪.৫০	৩.০০	৪.৩৫	১১.৮৫	১০.৫১
মোট সম্পদ সংগ্রহ ও ক্রয়		১৮.৩০০	১২.৮০০	৬.৩৫০	৩৭.৪৫	৩৩.২২
<b>খ-২) নির্মাণ ও পূর্তঃ</b>						
৭০১৬	ফার্ম স্টোরের ওয়াল নির্মাণ	০	০.৬০	০	০.৬০	০.৫৩
৭০৪১	ফার্ম সেচ ও নিষ্কাশন ড্রেন নির্মাণ	০	৫০.০০	০.০০	৫০.০	৪৪.৩৪
৭০৩৬	সারফেস ওয়াটার রিজার্ভার নির্মাণ	০	২০.২	০.০০	২০.২০	১৭.৯২
মোট নির্মাণ ও পূর্ত ব্যয়		০	৭০.৮	০	৭০.৮০	৬২.৭৯
সর্বমোট মূলধন ব্যয় (খ১+খ২))		১৮.৩০	৮৩.৬০	৬.৩৫	১০৮.২৫	৯৬.০১
সর্বমোট ব্যয় (ক + খ)		১৮.৭০	৮৬.৪৫	৭.৬০	১১২.৭৫	১০০.০০